



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ।

ফোন : ২২৩৩৮৪৫৩৯; ই-মেইল : dgmengineering@krishibank.org.bd

প্রকা/ইইডি বিবিধ-৪(৭)/২০২৫-২০২৬/৯০৭

তারিখঃ ১৬/০৪/২০২৬ইং

সকল মহাব্যবস্থাপক, বিকেবি বিভাগীয় কার্যালয়সমূহ/
স্থানীয় মুখ্য কার্যালয়, বিকেবি, ঢাকা
এবং
অধ্যক্ষ, বিকেবি ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।

বিষয় : মধ্যপ্রাচ্যে চলমান ভূরাজনৈতিক পরিস্থিতিতে গ্যাস ও জ্বালানি তেল সাশ্রয়ে আগাম সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র নং : বিআরপিডি-১/পি/৬৬১/বিবিধ/২০২৬-২০৭৪, তারিখ : ১৩/০৪/২০২৬ইং।

প্রিয় মহোদয়,


উপরোক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ এর উল্লিখিত সার্কুলার মোতাবেক নির্ধারিত অফিস সময়সূচির পর আবশ্যিকভাবে ব্যাংকের শাখাসমূহের বৈদ্যুতিক ডিসপে বোর্ডসহ সকল সাইনবোর্ডের বৈদ্যুতিক আলো বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, ব্যাংকের নিয়ন্ত্রণকারী কার্যালয় এবং শাখাসমূহে আলোকসজ্জা ও প্রচারণামূলক বৈদ্যুতিক ডিসপে বোর্ড ব্যবহারের ক্ষেত্রে নির্ধারিত সময়সূচী ও বিধিনিষেধ অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

-অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত,

 ১৬.৪.২৬

(মোঃ আনোয়ারুল আজিম খান)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (স্বর্ণ আদায় মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। নথি/মহানথি।

 ১৬/০৪/২০২৬
(মহুয়া চন্দ)

সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

সূত্র: বিআরপিডি-১/পি/৬৬১/বিবিধ/২০২৬-২০৭৪

তারিখ: ১৩ এপ্রিল ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**মধ্যপ্রাচ্যে চলমান ভূরাজনৈতিক পরিস্থিতিতে গ্যাস ও জ্বালানি
তেল সাশ্রয়ে আগাম সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।**

উদ্ভূত বৈশ্বিক রাজনৈতিক পরিস্থিতিতে আন্তর্জাতিক জ্বালানি সরবরাহ ব্যবস্থায় বিলম্ব সৃষ্টি হওয়ায় গ্যাস ও জ্বালানি তেল সাশ্রয়ে আগাম সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে শিরোনামোক্ত বিষয়ে এ কার্যালয় কর্তৃক বিআরপিডি সাকুলার লেটার নং-১০ তারিখ: ১১ মার্চ ২০২৬ জারি করা হয়। উক্ত সাকুলারের অনুচ্ছেদ নং-২(গ) এর মাধ্যমে ব্যাংক ভবনের আলোকসজ্জা এবং প্রচারণামূলক বৈদ্যুতিক ডিসপ্লে বোর্ড ব্যবহারের ক্ষেত্রে নির্ধারিত সময়সূচী ও বিধিনিষেধ যথাযথভাবে অনুসরণের নির্দেশনা প্রদান করা হয়। সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে যে, নির্ধারিত অফিস সময়সূচীর পর অপ্রয়োজনীয়ভাবে ব্যাংক ভবন বা শাখাসমূহের সাইনবোর্ডে বৈদ্যুতিক ডিসপ্লে ব্যবহার চলমান রয়েছে।

- ২। এক্ষেপে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত অফিস সময়সূচীর পর আবশ্যিকভাবে ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখাসমূহের বৈদ্যুতিক ডিসপ্লে বোর্ডসহ সকল সাইনবোর্ডের বৈদ্যুতিক আলো বন্ধ রাখার জন্য আপনাদেরকে বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ সালাউদ্দিন তপাদার)

অতিরিক্ত পরিচালক

ফোন: ০২৫৫৬৬৫০০১-৬/২০৮২৫